



নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)
“বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) এর উন্নয়ন” শীর্ষক প্রকল্প
মিরপুর সেনানিবাস, ঢাকা- ১২১৬

আবেদনপত্র জমা দেয়ার শেষ
তারিখ: ২৫ মার্চ ২০২০

স্মারক নং-১৪/৭৮৬/অস্থায়ী/প্রজেক্ট

০৮ মার্চ ২০২০

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) এর উন্নয়ন শীর্ষক প্রকল্পে নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ে জনবল নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে :

ক্র.নং	পদের নাম, বেতন, পদের সংখ্যা এবং বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা
১।	ইউডিএ পদের সংখ্যাঃ ০১ বয়সঃ সর্বোচ্চ ৩৫ বৎসর বেতনঃ গ্রেড-১৪ (জাতীয় বেতন স্কেল ২০১৫)	ক) শিক্ষাগত যোগ্যতা: স্নাতক ডিগ্রিধারী। উচ্চতর ডিগ্রি প্রাপ্ত প্রার্থী অগ্রাধিকারযোগ্য। (খ) অভিজ্ঞতা : (১) টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২৮ শব্দের গতি অফিস পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কম্পিউটার ব্যবহারিক প্রোগ্রাম যেমন, এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে। (২) নিম্নমান সহকারী/সমমানের পদে ৩ বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকিতে হইবে। অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
২।	স্টোর কিপার পদের সংখ্যা : ০১ বয়সঃ সর্বোচ্চ ৩৫ বৎসর বেতনঃ গ্রেড-১৪ (জাতীয় বেতন স্কেল ২০১৫)	(ক) শিক্ষাগত যোগ্যতা: স্নাতক ডিগ্রিধারী। শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না। কম্পিউটারে অফিস (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট) প্রোগ্রামে পারদর্শী হইতে হইবে। (খ) অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে।

শর্তাবলী

- আগ্রহী প্রার্থীদের দরখাস্ত স্বহস্তে পূরণ করিয়া ডাকযোগে ২৫ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে (১৫০০ ঘটিকা) ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন শাখা), বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি), মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬ ঠিকানায় পৌছাইতে হইবে।
- আবেদন ফরম অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bup.edu.bd/career এ পাওয়া যাইবে। উল্লেখিত পদের জন্য ফরম নং-০৩ স্বহস্তে পূরণ করিয়া দাখিল করিতে হইবে।
- উল্লেখিত পদ সমূহের জন্য “প্রকল্প পরিচালক” বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সঙ্গে সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।
- সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত রঙ্গিন ছবি সংযুক্ত করিতে হইবে।
- সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কশীট এবং প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে। বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান হইতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে ডিগ্রি সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত কপি।
- অভিজ্ঞতা সনদ, জাতীয় পরিচয়পত্র (যদি থাকে)/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।
- মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের কোটার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি ও অন্যান্য বিশেষ কোটার ক্ষেত্রে নিজ নিজ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সত্যায়িত সংশ্লিষ্ট সার্টিফিকেটের কপি আবেদনের সাথে সংযুক্ত করিতে হইবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা অনুসরণ করা হইবে।
- আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চসীমার মধ্যে থাকিতে হইবে। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর বয়সসীমা যৌক্তিকভাবে শিথিল করিতে পারিবেন এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে নির্ধারিত বয়সসীমা ০২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়সসীমা প্রযোজ্য নহে।
- খামের উপর প্রার্থীর নিজ জেলা, পদের নাম উল্লেখ করিতে হইবে। ফরমে অবশ্যই নিজ মোবাইল ফোন নম্বর উল্লেখ করিতে হইবে। নিয়োগ সংক্রান্ত যোগাযোগ মোবাইল ফোনে SMS এর মাধ্যমে করা হইবে।
- বর্ণিত পদের জন্য ০৩ সেট আবেদনপত্র (প্রযোজ্য সকল কাগজপত্রসহ) A4 Size/Legal Size খামে ভরিয়া উপরোক্ত ঠিকানায় দাখিল করিতে হইবে।
- চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।
- লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
- আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্র ফেরৎ দেওয়া হইবে না।
- নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরণের সুপারিশ অযোগ্যতা হিসাবে গণ্য হইবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদন গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার তারিখ এসএমএস/পত্র মারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধ্যমে জানানো হইবে।
- কর্মকর্তা কর্মচারী নিয়োগের জন্য গ্রেডিং পদ্ধতির সংগে বিভাগ/শ্রেণির সমতাকরণের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় জিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ মার্চ ২০১০ এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সিজিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ জুন ২০০৯ অনুসৃত হইবে।

প্রকল্প পরিচালক